

প্রথম আলো

বুধবার

৩ জুলাই ২০২৪, ১৯ আষাঢ় ১৪৩১, ২৬ জিলহজ ১৪৪৫

জাভেদ মুনির এনএসইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান পুনর্নির্বাচিত



নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান হিসেবে ২০২৪-২৫ সালের জন্য পুনর্নির্বাচিত হয়েছেন জাভেদ মুনির আহমেদ। গত ৩০ জুন এনএসইউ ট্রাস্টের ১৩তম বার্ষিক সাধারণ সভায় এই ঘোষণা দেওয়া হয়। ২০২২ সালের ১৬ আগস্ট চ্যাম্বেলর



জাভেদ মুনির

কর্তৃক পুনর্গঠিত এনএসইউ বোর্ড নিয়োগের পর এটি চেয়ারম্যান হিসেবে জাভেদ মুনিরের দ্বিতীয় মেয়াদ।

জাভেদ মুনির দ্বিতীয় মেয়াদে চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টির সদস্যদের কাছ থেকে পাওয়া সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। একই সঙ্গে তিনি বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড, শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক ও প্রশাসনের বিভিন্ন দায়িত্বে থাকা সবার অবদানের কথা স্মরণ করেছেন।

জাভেদ মুনির নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মুসলেহ উদ্দীন আহমেদের ছেলে। জাভেদ মুনির ১৯৯২ সালে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। **বিজ্ঞপ্তি**